

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ ----

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.০০০.৪৩১.২০.০০৪৫.২৪ নথির বিষয়ঃ Butterfly valve chamber modification at Golapbag mor (south side) of SWTP transmission network. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোটঃ ১ নোটের বিষয়ঃ Butterfly valve chamber modification at Golapbag mor (south side) of SWTP transmission network. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২০/৫/২৪ ৪:৩১ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৭ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন বিদ্যমান আছে। যার মাধ্যমে প্রতিদিন ৪৫ কোটি লিটারের অধিক পরিমিত পানি ঢাকা মহানগর বাসীর নিকট সরবরাহ করা হয়। সাপাশো ফেজ-১ ও ২ এর ট্রিটেড ওয়াটার ১৮০০ মিঃমিঃ ডায়ার পাইপের মাধ্যমে গোলাপবাগ মোড়ে মিলেছে। সেখানে গোলাপবাগ মোড় সাউথ সাইড ও গোলাপবাগ মোড় নর্থ সাইড এ স্থাপিত ১৪০০ মিঃমিঃ ডায়ার বাটারফ্লাই ভাল্ব এর মাধ্যমে পানি দুই দিকে প্রবাহিত হয়েছে, যা সংযুক্ত ক্রমিক-২ ও ৩ এর মাধ্যমে দেখানো হয়েছে। পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগারের উৎপাদন কম/বেশীর কারণে অথবা মডস জোন-১, ২ ও ৭ এর চাহিদার কারণে অথবা সাপাশো ফেজ-১ ও ২ এর উৎপাদন কম/বেশীর কারণে মাঝে মাঝে প্রায়ই গোলাপবাগ মোড় সাউথ সাইডের ১৪০০ মিঃমিঃ ডায়ার বাটারফ্লাই ভাল্ব কন্ট্রোল করতে হয়। এক্ষেত্রে আলোচ্য ভাল্বটি ম্যানুয়াল এবং প্রায় ২০ বছরের অধিক পুরাতন হওয়ায় ভাল্ব অপারেট করতে অনেক সমস্যা লেগে যায়। আলোচ্য ভাল্বটি রাত্তার মাঝখানে অবস্থান হওয়ায় ট্রাফিক পুলিশের বাধার কারণে সবসময় instant operation সম্ভব হয় না। এছাড়া ভাল্বটি পুরাতন হওয়ায় মাঝে-মাঝেই ত্রুটি দেখা দেয়। তৎক্ষণিতে উর্ধ্বতন কর্তৃপক্ষের পরামর্শে সেখানে ১৪০০ মিঃমিঃ ডায়ার মোটরাইজড বাটারফ্লাই ভাল্ব সংগ্রহ ও স্থাপন কাজের উদ্যোগ নেয়া হয়েছে এবং ঠিকাদারকে কার্যাদেশ পত্র ইস্যু করা হয়েছে। আলোচ্য কাজটি করা হলে বিদ্যমান সাপাশো ই-পিআরডি এর স্ল্যাডা সিস্টেমের মাধ্যমে রিমোটলি ভাল্ব কন্ট্রোল করা যাবে। এর ফলে ভাল্বটি instant operation সম্ভব হবে। কিন্তু প্রায় ২০ বছরের অধিক পুরাতন ম্যানুয়াল ভাল্বটির বিদ্যমান চেম্বার অনেক ছোট এবং পুরাতন হওয়ায় ১৪০০ মিঃমিঃ ডায়ার মোটরাইজড বাটারফ্লাই ভাল্ব স্থাপনের জন্য নতুন করে ভাল্ব চেম্বার স্থাপন করা প্রয়োজন। সে আলোকে আলোচ্য ভাল্ব চেম্বারের অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্ত ক্রমিক নং-৭) প্রস্তুত করা হয়েছে, যাতে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ৪,৯৮,০০৮.১৪ (চার লক্ষ আটানব্বই হাজার আট দশমিক এক চার) টাকা মাত্র। বর্ণিত কাজটির ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের কোড নং-০১-০৪-০০১ এর পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২০/৫/২৪ ৪:৪৩ অপরাহ্ন

আলোচ্য কাজটি সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগের ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনার সীমিত দরপত্র পদ্ধতিতে (ক্রমিক নং-৭৪ এবং প্যাকেজ নং-W-63) অন্তর্ভুক্ত রয়েছে। এবং বর্ণিত কাজটির ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের কোড নং-০১-০৪-০০১ এর পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা যেতে পারে। কাজটি পিপিআর ২০০৮ এর বিধি মোতাবেক ৬৩ (১) ধারা অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগ পূর্বক এ দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৭):

- ১। ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ফটোকপি।
- ২। সাপাশো ট্রান্সমিশন নেটওয়ার্কের লাইন ডায়াগ্রাম এর স্ল্যাশট।
- ৩। গোলাপবাগ মোড় ১৪০০ মিঃমিঃ ডায়ার বাটারফ্লাই ভাল্ব এর এজবিল্ট ড্রয়িং।
- ৪। ভাল্ব চেম্বারের ড্রয়িং এর কপি।
- ৫। পূর্বের অনুমোদিত দরের কপি।
- ৬। আলোচ্য কাজের খসড়া প্রাক্কলন এর কপি।
- ৭। আলোচ্য কাজের প্রাক্কলন এর কপি।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২০/৫/২৪ ৪:৪৪ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে “Butterfly valve chamber modification at Golapbag mor (south side) of SWTP transmission network” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।



ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৪,৯৮,০০৮.১৪ (চার লক্ষ আটানব্বই হাজার আট দশমিক এক চার)

টাকা মাত্র এর অনুমোদন।



গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত (কোড নং-০১-০৪-০০১) হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
২০/৫/২৪ ৪:৫০ অপরাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২০/৫/২৪ ৫:১০ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২০/৫/২৪ ৫:২১ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২০/৫/২৪ ৫:২১ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল





অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২০/৫/২৪ ৫:৪৭ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

	
২০/৫/২৪ ৫:৪৭ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২০/৫/২৪ ৫:৪৭ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২০/৫/২৪ ১০:৪৮ অপরাহ্ন

Okay

			
২০/৫/২৪ ১০:৪৯ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২০/৫/২৪ ১১:২০ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২১/৫/২৪ ৮:৩৯ পূর্বাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৭/৬/২৪ ৪:১০ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
			
			৩০/৬/২৪ ১২:৩৯ অপরাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)